

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৪২

৯/ হাজ (হজ) (اكتاب الحج عن رسول الله

পরিচ্ছেদঃ হজ্জের ইহরাম বাঁধার পর যদি কোন ব্যক্তির কোন অঙ্গ ভেঙ্গে যায় বা সে লেংড়া হয়ে যায় ।

باب مَا جَاءَ فِي الَّذِي يُهِلُّ بِالْحَجِّ فَيُكْسَرُ أَوْ يَعْرُجُ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، أَخْبَرَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ، حَدَّثَنَا حَجَّاجُ الصَّوَّافُ، حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ، عَنْ عِكْرِمَة، قَالَ حَدَّثِنِي الْحَجَّاجُ بْنُ عَمْرٍو، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ كُسِرَ أَوْ عَرِجَ فَقَدْ حَلَّ وَعَلَيْهِ حَجَّةُ أُخْرَى ". فَذَكَرْتُ ذَلِكَ لأَبِي هُرَيْرَةَ وَابْن عَبَّاسِ فَقَالاً صَدَقَ .

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الأَنْصَارِيُّ، عَنِ الْحَجَّاجِ، مِثْلَهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ قَالَ وَسَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . هَكَذَا رَوَاهُ غَيْرُ وَاحِدٍ عَنِ الْحَجَّاجِ الصَّوَّافِ نَحْوَ هَذَا الْحَدِيثِ . وَرَوَى مَعْمَرٌ وَمُعَاوِيَةُ بْنُ سَلاَّمٍ هَذَا الْحَدِيثِ . وَرَوَى مَعْمَرٌ وَمُعَاوِيةُ بْنُ سَلاَّمٍ هَذَا الْحَدِيثِ . وَرَوَى مَعْمَرٌ وَمُعَاوِيةُ بْنُ سَلاَّمٍ هَذَا الْحَدِيثَ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عِكْرِمَةً عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَافِعٍ عَنِ النَّبِي صلى الله عليه وسلم هَذَا الْحَديثَ . وَحَجَّاجٌ الصَّوَّافُ لَمْ الْحَجَّاجِ بْنِ عَمْرٍ وَعَنِ النَّهِ بْنَ رَافِعٍ . وَحَجَّاجٌ ثِقَةٌ حَافِظٌ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ . وَسَمِعْتُ مُحْمَر وَمُعَاوِيَةَ بْنِ سَلاَّم أَصِبُ .

حَدَّتَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرُ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ عِكْرِمَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَافِعٍ، عَنِ الْحَجَّاجِ بْنِ عَمْرٍو، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ .

বাংলা

৯৪২. ইসহাক ইবনু মানসূর (রহঃ) ইকরামা (রহঃ) বলেন, হাজ্জাজ ইবনু আমর (রাঃ) আমার কাছে বর্ণনা করেছেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, (ইহরামের পর) কারো যদি কোন অঙ্গ ভেঙ্গে যায় বা সে লেংড়া হয়ে যায় তবে সে হালাল হয়ে যাবে এবং তাকে আরেকবার হজ্জ আদায় করতে হবে। ইকরামা



বলেন, আমি আবু হুরায়রা ও ইবন আব্বাস (রাঃ) কে এই হাদিসটি সম্পর্কে জিজ্ঞাসা করলে তারা বলেনঃ হাজ্জজ সত্য বলেছেন। - ইবনু মাজাহ ৩০৭৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৪০ [আল মাদানী প্রকাশনী]

ইসহাক ইবনু মানসূর (রহঃ) হাজ্জাজ (রাঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে। এতে হাজ্জাজ (রাঃ) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম - কে বলতে শুনেছি। আবূ ঈসা (রহঃ) বলেন,এই হাদিসটি হাসান। একাধিক রাবী হাজ্জাজ আস- সাওওয়াফ (রহঃ) থেকেও এই হাদিসটি অনুরূপ রিওয়াত করেছেন। মা'মার ও মুআবিয়া ইবনু সাল্লাম (রহঃ) এই হাদিসটি ইয়াহ্ইয়া ইবনু আবী কাছীর ইকরামা আবদুল্লাহ ইবনু রাফি হাজ্জাজ ইবনু আমর সূত্রে সবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। কিন্তু হাজ্জাজ আস্-সাওওয়াফ তাঁর সনদে আবদুল্লাহ ইবনু রাফি' (রহঃ)-এর উল্লেখ করেননি। যা হোক হাজ্জাজ (রহঃ) হাদিস বিশেজ্ঞগণের মতে একজন হাফিজ, ছিকা ও আস্থাভাজন বিশ্বস্ত রাবী। আমি মুহাম্মদ আল-বুখারী (রহঃ)-কে বলতে শুনেছি যে, এই হাদিসটির ক্ষেত্রে মা'মার ও মুআবিয়া ইবনু সাল্লাম (রহঃ)-এর রিওয়াতটি হলো অধিক সহীহ্। আবদ ইবনু হুমাইদ (রহঃ) হাজ্জাজ ইবনু আমর (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ হাদিস বর্ণতি আছে।

English

Ikrimah narrated from Al-Hajjaj bin Amr who narrated that:

The Messenger of Allah said: "Whoever suffers a fracture or becomes lame them he (leaves the state of Ihram) and is required to perform another Hajj." I (Ikrimah) mentioned that to Abu Hurairah and Ibn Abbas and they said: "He told the truth."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইকরিমা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন